

- Inauguration of a new outlet of Kumudini Handicrafts at Banani
- 42nd Abduction Day of R P Shaha and his son observed
- Reception accorded to Srimati Shaha by Sarda Songha in Sylhet
- Donation for Kumudini Hospital from Australia
- Lifetime achievement award for Protiva Mutsuddy
- Cleft Surgery
- International Nurses Day observed
- Girl-in-Rovers of Bharateswari Homes participated in Efficiency Badge Course
- Prizes of Bishwasahitya Kendra for Homes students
- Holy Buddha Purnima celebrated
- Lucky Purchase Day of jute observed
- Rathayatra Festival of Dhamrai and Kumudini's participation
- Cultural Competition and Prize Distribution Ceremony
- Celebration of Tagore's birth anniversary
- Telefilm based on Kazi Nazrul – R P Shaha
- Treatment statistics (May-August 2013)
- Diplomats visit Kumudini at N'ganj

## বনানীতে কুমুদিনী হ্যান্ডিক্রাফ্টের নতুন বিক্রয়কেন্দ্রের উদ্বোধন

## Inauguration of a new outlet of Kumudini Handicrafts at Banani



New outlet of Kumudini Handicraft at Banani.

বনানীতে শুভ উদ্বোধন হলো দেশের অগ্রগণ্য হস্তশিল্প প্রতিষ্ঠান কুমুদিনী হ্যান্ডিক্রাফ্টের চতুর্থ আউটলেট বা বিক্রয়কেন্দ্র। গত ১৯ জুলাই জাঁকজমকপূর্ণ এক অনুষ্ঠানের মাধ্যমে বনানীর 'ই' ব্লকের ১২নং সড়কের ১১২ নং বাড়িতে বিক্রয়কেন্দ্রটির উদ্বোধন হয়। দেশের প্রখ্যাত ফ্যাশন ডিজাইনার ও সমাজের বিভিন্ন স্তরের ফ্যাশন সচেতন ব্যক্তিবর্গের উপস্থিতিতে যৌথভাবে এর উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান ও আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন ফ্যাশন ডিজাইনার বিবি রাসেল।

উদ্বোধনী অনুষ্ঠানে ড. আনিসুজ্জামান বলেন- ঐতিহ্যবাহী কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট সব সময় শ্রমজীবী মানুষের জীবন সংগ্রামের সাথী। শহীদ দানবীর রণদা প্রসাদ সাহার কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট ও কুমুদিনী হ্যান্ডিক্রাফ্ট-এর অগ্রযাত্রা কামনা করি।

The fourth outlet of Kumudini Handicrafts was launched on the 19th of July at Banani and a flamboyant event was organized. The venue was House no. 112, Road no. 12 and Block E. To grace the occasion, many eminent fashion designers and many fashion conscious elites were present. The event was inaugurated by Professor Emeritus of Dhaka University Dr. Anisuzzaman and a fashion designer who has garnered international fame Ms. Bibi Russel.

In the inauguration ceremony, Dr. Anisuzzaman says, "KWT has always been supportive towards the hard working people. I wish Rai





Professor Emeritus of Dhaka University Dr. Anisuzzaman inaugurating the new outlet.

বিবি রাসেল বলেন, বলতে গেলে আমি কুমুদিনী পরিবারকে দেখতে দেখতে বড় হয়েছি। কুমুদিনীতে এলে একটি পারিবারিক শান্তির ছায়া অনুভব করি। কুমুদিনী হ্যান্ডিক্রাফটস এগিয়ে যাক শ্রমজীবী মা ও মেয়ে তথা নারীদের সঙ্গে নিয়ে। তাদের হাতের কাজের সুনাম ছড়িয়ে পড়ুক দেশে-বিদেশে সব সময় এই শুভ কামনা করি।

অনুষ্ঠানে কুমুদিনী হ্যান্ডিক্রাফটের পরিচালক শ্রীমতী সাহা আশাবাদ ব্যক্ত করে বলেন, কুমুদিনীর কয়েক হাজার গ্রামীণ নারীর জীবন জয়ের স্মারক হয়ে তাদের হাতের তৈরি সামগ্রী শৈল্পিক সৌন্দর্য নিয়ে আমাদের প্রয়োজন মিটিয়ে আন্তর্জাতিক বাজার জয় করতে পারবে। তিনি বলেন, গ্রামীণ নারীদের জীবন জয়ের একাধ প্রয়াস ও বিপণন এখানে সমার্থক।

কুমুদিনী হ্যান্ডিক্রাফট একাধের মহান মুক্তিযুদ্ধে ক্ষতিগ্রস্ত মা ও মেয়েদেরসহ সমাজ সংসারের সুবিধা বঞ্চিত নারীদের আত্মকর্ম সংস্থানের লক্ষ্যে ১৯৮০ সালে মাত্র ২৫-৩০ জনকে নিয়ে যাত্রা শুরু করে। বর্তমানে এটি ২৬ হাজার শ্রমজীবী নারীর আত্ম কর্মসংস্থানের একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান। শুরু থেকেই হ্যান্ডিক্রাফটসের অন্যতম উদ্দেশ্য বাংলাদেশের লুপ্ত প্রায় হস্তশিল্পকে পুনরুদ্ধার করা এবং বিশ্ব-সভায় তা তুলে ধরা। কুমুদিনী হ্যান্ডিক্রাফটের ভান্ডার নকশী কাঁথা, কিংবদন্তীর জামদানী, তাঁত বস্ত্র, টেরাকোটা, মৃৎশিল্প সামগ্রী, কাঠ ও চামড়াজাত সামগ্রীতে সমৃদ্ধ। প্রাকৃতিক রং ব্যবহারও কুমুদিনীর অন্যতম ঐতিহ্য।

কুমুদিনী হ্যান্ডিক্রাফটে যারা কাজ করেন তাদের কয়েকটি শ্রেণিতে ভাগ করা যায়। অল্প সংখ্যক আছেন স্থায়ী কর্মী। চুক্তিভিত্তিতেও কিছু লোক কাজ করেন। দৈনিক ভিত্তিতেও অনেকে কাজ করে থাকেন। অনেকে আছেন সম্পাদিত একটি কাজের ভিত্তিতে মজুরী নেন। যিনি যত পিস কাজ সম্পাদন করবেন তত পিসের জন্য মজুরী পাবেন। এর বাইরে বাংলাদেশের গ্রামাঞ্চলে ছড়িয়ে রয়েছে কুমুদিনী হ্যান্ডিক্রাফটের বৃহত্তর

Bahadur R.P. Shaha's KWT and Kumudini Handicrafts' success and prosperity in the upcoming years."

Bibi Russell also stated "I grew up watching Kumudini's progress and activities. Whenever, I come to Kumudini, it makes me feel I am amidst my family members. I wish Kumudini Handicrafts a lot of success in the upcoming years in its assistance to the women. I hope they continue to garner more fame and recognition for their handicrafts countrywide and even worldwide."

The Director of Kumudini handicrafts Shrimati Shaha said, "Kumudini handicrafts and its employees will be able to fulfil the growing demand for handicrafts in our country and in many different countries across the world."

Kumudini Handicrafts began its journey in 1980 with the objective of making women in Bangladesh self-reliant. Initially, the wives of the laborers of the jute bailing and processing plant of Kumudini Welfare Trust (KWT) in Narayanganj were helped to make a variety of products using jute fibre and were taught to make jute bags, baskets and other useful items. They were paid a fair wage for their work and they used the extra money



কর্মী দল। কোন একটি নির্দিষ্ট এলাকায় মহিলাদের দ্বারা গঠিত কুমুদিনী হ্যান্ডিক্রাফটের একটি কর্মীদল থাকে। কর্মীদলগুলো আবার একটি বৃহত্তর ব্যবস্থাপনার অধীনে সংঘবদ্ধ থাকে। একটি সাধারণ কর্মীদলের সদস্য সংখ্যা হয় ২০ থেকে ৩০ এর মধ্যে। এই দলে একজন দলনেতা থাকেন। সারা বাংলাদেশে কুমুদিনীর কয়েকশ' দল রয়েছে। দলগুলোর কর্মীরা বৃহত্তর আঞ্চলিক সমন্বয়কারীর মাধ্যমে কাজ করেন ও পারিশ্রমিক পেয়ে থাকেন। কর্মীদল কুমুদিনী হ্যান্ডিক্রাফট থেকে ডিজাইন, কাপড়, সূতা ও আনুষঙ্গিক দ্রব্যাদির সরবরাহ পেয়ে থাকেন। বর্তমানে এরকম প্রায় ১৮০০০ কর্মী যুক্ত আছেন কুমুদিনী হ্যান্ডিক্রাফটের সঙ্গে। কুমুদিনীর একটি নির্দিষ্ট পরিকল্পনা আছে। প্রথমত এখানে প্রশিক্ষণ দিয়ে দক্ষ কর্মী গঠন করা হয়। বাংলাদেশের গ্রামে গ্রামে প্রশিক্ষিত নারী হস্তশিল্প কর্মী গড়ে তোলাই এই পরিকল্পনার প্রধান লক্ষ্য। কুমুদিনী হ্যান্ডিক্রাফট অবহেলিত নারী সমাজের ভাগ্য উন্নয়নে কাজ করতে চায়।

কুমুদিনী হ্যান্ডিক্রাফটের বিক্রয় কেন্দ্রগুলো নারায়ণগঞ্জের খানপুরে, ঢাকার গুলশানে, হোটেল প্যান পেসিফিক সোনারগাঁয়ে। সম্প্রতি যোগ হলো বনানীতে।

জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন মেলায় কুমুদিনী হ্যান্ডিক্রাফট অংশ নিয়ে অভূতপূর্ব প্রশংসা অর্জন করেছে। কুমুদিনীর উদ্যোগে হোটেল সোনারগাঁও ইনটেরিয়র ডেকোরেশন করা হয়েছিল। বিষয়টি কুমুদিনীর এক বিশাল অর্জন। কুমুদিনী জামদানী শাড়ি নিয়ে গবেষণা করার চেষ্টা করে যাচ্ছে।

আবহমান ঐতিহ্যের প্রতীক কুমুদিনীর অঙ্গীকার বিদেশীদের উৎসাহিত করা। নকশীকাঁথাকে অবলম্বন করে বাংলার গ্রামাঞ্চলে দীর্ঘকাল ধরে যে বৈচিত্র্যপূর্ণ মোটিফ উদ্ভাবিত হয়ে আসছে কুমুদিনী অত্যন্ত যত্নের সঙ্গে তাদের নানা কাজে ব্যবহার করে। জাপান, সুইজারল্যান্ড, আমেরিকা, ইটালি, ফ্রান্স ও বৃটেন কুমুদিনী হ্যান্ডিক্রাফটের প্রধান ক্রেতাদেশ। সেখানকার অনেক সংস্থা কুমুদিনী থেকে নিয়মিত হস্তশিল্প সামগ্রী কিনে নিজ দেশে বিপণন করে।

কুমুদিনী হ্যান্ডিক্রাফটের প্রস্তুত সামগ্রীর মধ্যে রয়েছে শাড়ি, সালোয়ার-কামিজ, পাঞ্জাবী, শর্ট, ফতুয়া, জ্যাকেট, টপস, কুশন কভার, ব্যাগ, বেড কভার, টেবিলক্লথ, ডাইনিং টেবিল সেট, পেসিলকেস, চশমার কভার, লেদার আইটেম, সোনা ও রূপার গহনা, নকশী ফ্রেম ও নকশী ওয়ালম্যাট, শাল, খ্রিস্টমাস আইটেম ইত্যাদি। এছাড়া প্রতিবছর ঈদ, পূজা, বড়দিন, নববর্ষ প্রভৃতি অনুষ্ঠানকে সামনে রেখে কুমুদিনী হ্যান্ডিক্রাফট সময়োপযোগী শাড়ি, পাঞ্জাবী ও অন্যান্য বস্ত্র সামগ্রীর পসরা নিয়ে ফ্যাশন সচেতন মানুষের চাহিদা মেটাতে এগিয়ে আসে।

for their children to provide them with better food and education. Subsequently, when the boutique culture of Dhaka was still in its infancy Kumudini Handicrafts launched one of the first stylish Fair Trade clothing boutiques.

Kumudini Handicrafts make high quality handicrafts for local markets as well as for export to international markets. At present, about 26,000 women all over Bangladesh are benefiting from Kumudini activities.

Kumudini Handicraft specialises in products of cotton, silk and is especially known for their bright and beautiful colors. Kumudini uses safe dyes made from natural products such as flowers, leaves, barks, and roots of plants and trees, as well as harmless chemical dyes. Kumudini Handicrafts is well known for their Nakshi Kantha, Jamdani, muslin and half-silk, endi silk and nakshi stitched home accessories. Beautiful block print and hand embroidered shalwar kameez sets, kurtas, shirts and children's wear are also made.

Kumudini takes pride in its exquisite work on pure cotton jamdani saris. It also produces superb wood work, leather, cane, terracotta, brass, bamboo, jute and much more. Kumudini is now the only mainstream producer of the traditional 'geela' Panjabis, with their sleeves bearing a crushed look. Name of the Kumudini Handicraft is associated with cultural heritage and preserving of local traditional craft skills.

Kumudini handicrafts in every year produce Sharis, Panjabis and other outfits for special occasions such as Eid, Puja, Buddha Purnima and Christmas to meet up with the growing demand. It is an export oriented division of KWT and exports its products to Japan, Switzerland, America, Italy, France and Britain regularly.




Educational visit of sixty trainees under Armed Forces Nursing Service Officers' Basic Course-25 to Kumudini Hospital on 26 June, 2013.



## পিতাপুত্রের ৪২তম অপহরণ দিবস পালিত

## 42nd Abduction Day of R P Shaha and his son observed



Two martyrs of our Liberation War in 1971- Philanthropist Ranada Prasad Shaha and his beloved son Bhavani Prasad Shaha.

গত ৭মে মঙ্গলবার মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে এক ভাবগম্ভীর পরিবেশে দানবীর রণদা প্রসাদ সাহা এবং তাঁর পুত্র ভবানী প্রসাদ সাহা'র ৪২তম অপহরণ দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে দিনব্যাপী অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে ছিল শোক সভা, শহীদদের আত্মার শান্তি কামনা করে প্রার্থনা ও কাঙালি ভোজ।

শোকসভায় বক্তব্য রাখেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক শ্রী রাজীব প্রসাদ সাহা, ট্রাস্টের অন্যতম পরিচালক মিস প্রতিভা মুৎসুদ্দি প্রমুখ।

ইতিহাসের পাতা থেকে পিতামহ এবং পিতার বিষাদময় ঘটনার উল্লেখ করে বক্তব্য রাখেন শ্রী রাজীব প্রসাদ সাহা। তিনি উপস্থিত শ্রোতৃমণ্ডলীর কাছে অপহরণ দিবসটি পালনের তাৎপর্য তুলে ধরেন।

প্রতিভা মুৎসুদ্দি তাঁর বক্তব্যে উল্লেখ করেন, 'যে মানুষটি তাঁর সারা জীবনের অর্জিত অর্থ দিয়ে অসহায় মানুষকে বিনা পরসায় চিকিৎসা সেবা দেয়ার জন্য প্রতিষ্ঠা করেছিলেন কুমুদিনী হাসপাতাল এবং নারী শিক্ষা প্রসারের জন্য গড়ে তুললেন ভারতেশ্বরী হোমস, সেই মানুষটিকেই প্রিয় পুত্র রবিকে সহ অপহরণ করে নিয়ে যায় বাংলাদেশের স্বাধীনতা বিরোধী নরপঙ্ডরা।'

উল্লেখ্য, ১৯৭১ সালের ৭মে মুক্তিযুদ্ধ চলাকালে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা ও তাঁর পুত্র ভবানী প্রসাদ সাহা(রবি)কে দেশীয় স্বাধীনতা বিরোধী চক্রের

On 7 May 2013 the 42nd abduction day ceremony of Shaheed Philanthropist Ranada Prasad Shaha and his son Shaheed Bhavani Prasad Shaha was observed at Kumudini Complex at Mirzapur. On this occasion a day long program was organized. The program included condolence meeting, prayer for the salvation of the departed souls and feeding of the destitute.

The condolence meeting was addressed by the Managing Director of the Trust Mr Rajiv Prasad Shaha and Director Ms Protiva Mutsuddy.

Mr Rajiv Prasad Shaha recapitulated the sad incident of abduction of his grandfather and father. He explained the importance of the day to the audience present.

Ms Protiva Mutsuddy in her address said, "The man who sacrificed all his hard earned wealth for providing health care to the poor through setting up of the Kumudini Hospital and setting up Bharateswari Homes for furtherance of education for the women was abducted along with his beloved son by the anti liberation forces".

On the night of 7 May 1971 when the liberation war was going on the anti liberation forces in collusion with the





Prayer for eternal peace of the martyrs souls.

সহযোগিতায় পাকিস্তানী বাহিনীর লোকেরা রাতের অন্ধকারে নারায়ণগঞ্জের বাসগৃহ থেকে অপহরণ করে অজ্ঞাত স্থানে নিয়ে যায়। সেখান থেকে মির্জাপুরবাসীর এই দু'জন প্রাণের মানুষ আর কোনোদিন স-শরীরে ফিরে আসেননি। একই দিনে এই চক্রটি নৃশংস হত্যাজ্ঞা চালিয়েছিল সংখ্যালঘু অধ্যুষিত মির্জাপুর গ্রামে। মাত্র দেড় ঘণ্টার তাড়বে তারা গ্রামের অসংখ্য মানুষকে পাখির মতো গুলি করে হত্যা করে। চালায় লুটপাট আর নারী নির্যাতন। গ্রামবাসীর রক্তে রঞ্জিত হয় লৌহজং নদীর জল।

অপহরণ দিবসের অনুষ্ঠানে প্রার্থনা সংঙ্গীত পরিবেশন করে কুমুদিনী নার্সিং স্কুলের ছাত্রীবৃন্দ।

Pakistan Army abducted Ranada Prasad Shaha along with his son Bhavani Prasad Shaha from their home at Narayanganj. The people of Mirzapur never saw them again. On the same day the minority population of Mirzapur village was also massacred. In only about an hour and half they killed a huge number of people there. They carried out repression on the women as well as indiscriminate lotting. The dead and the injured floated down the Lauhojong river which flows through Mirzapur.

The abduction day hymn was sung by the students of Kumudini Nursing School.

## সিলেটে শ্রীমতী সাহা সংবর্ধিত

গত ৩১ মে শুক্রবার অনুষ্ঠিত হয় সিলেটের শ্রীমা সারদা সংঘ এর সপ্তদশ প্রতিষ্ঠা বার্ষিকী। এ উপলক্ষে সিলেটের দেবপুরে অবস্থিত শ্রীশ্রী সারদা মায়ের বাড়িতে ভক্ত সমাবেশে একটি সম্মাননা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সম্মাননা দেয়া হয় কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক সমাজ হিতৈষী মিসেস শ্রীমতী সাহাকে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিলেট জেলা প্রশাসক জনাব মো.শহীদুল ইসলাম। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে

## Reception accorded to Srimati Shaha by Sarda Songha in Sylhet

The seventeenth anniversary of “Shrima Sarda Shongha” was celebrated on 31st May in Sylhet.

On the occasion a function was arranged at Devpur of Sylhet town.

At the function, Mrs. Srimati Shaha, Director of KWT was honored. The chief guest of the function





Mrs. Srimati Shaha expressing her deep feelings and gratitude to the organizers of Shrima Sarada Songha in Sylhet.

উপস্থিত ছিলেন সিলেট রামকৃষ্ণ মিশন ও আশ্রমের অধ্যক্ষ শ্রীমৎ স্বামী চন্দ্রনাথানন্দজী মহারাজ। সারদা সংঘের অগণিত ভক্ত সমাবেশে প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানটি রূপ নেয় এক আনন্দ যজ্ঞে। এই আনন্দ যজ্ঞে সংবর্ধিত হন শহীদ দানবীর রণদা প্রসাদ সাহার পুত্রবধু সিলেটের কৃতি সন্তান শ্রীমতী সাহা।

সংবর্ধনা জানাতে তাঁকে ফুলের স্তবক ও মালায় বরণ করে নেন শ্রীমা সারদা সংঘের সদস্য বোনেরা। শ্রীমতী সাহাকে দেয়া পঠিত মানপত্রে উল্লেখ করা হয় তাঁর ত্যাগ ও মহিমার কথা। এরপর তাঁর হাতে সম্মাননা ট্রেস্ট তুলে দেন জেলা প্রশাসক জনাব মো. শহীদুল ইসলাম। শ্রীযুক্ত সুধারণী দেব এর সভাপতিত্বে বক্তব্য রাখেন স্বামী চন্দ্রনাথানন্দজী মহারাজ, সিলেট লেডিস ক্লাবের সভাপতি বেগম শাহনাজ ইসলাম, অধ্যাপিকা পান্না রাণী রায়, অধ্যাপিকা সর্বানী অর্জুন, শ্রীমা সারদা সংঘ এর সভানেত্রী প্রণতি দে কায়্যা ও সম্পাদিকা বীথিকা দত্ত।

আরো বক্তব্য রাখেন সিলেট অগ্রগামী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা বাবলী পুরকায়স্থ। শ্রীমা সারদার জীবন ও আদর্শ নিয়ে বিষয় ভিত্তিক আলোচনায় অংশ নেন সিলেট নার্সিং কলেজের শিক্ষিকা আলোক রাণী মোহন্ত, শিউলী পাত্র ও রেনুয়ারা আক্তার।

এর আগে স্বাগত বক্তব্যে শ্রীমা সারদা সংঘের সম্পাদিকা বীথিকা দত্ত বলেন, শ্রীভূমি কন্যা শ্রীমতী সাহা সিলেটবাসীর গর্ব। শ্রীমতী সাহাকে সংঘের পক্ষ থেকে সংবর্ধনা দিতে পেরে আমরা আনন্দিত ও গর্বিত। সংবর্ধনার জবাবে শ্রীমতী সাহা তাঁর অনুভূতির কথা ব্যক্ত করতে গিয়ে বলেন, আজ আপনারা আমাকে যে সম্মানে সম্মানিত করেছেন আমি তাঁর যোগ্য নই। হযরত শাহ জালাল (র:), শ্রীচৈতন্য, হাসন রাজার পুণ্যভূমি সিলেটের মেয়ে আমি, আমি আপনাদেরই একজন। নিজের মানুষের কাছ থেকে সম্মানিত হওয়ার মতো বড় সৌভাগ্য আর কিছুই হতে পারেনা।

was Mr. Md. Shahidul Islam, Deputy Commissioner of Sylhet. The chief of 'Sylhet RamKrishna Mission and Ashram' Srimat Shwami Chandranathanandaji Maharaj was the special guest.

A good number of members of Sardha Shongha joined the happy occasion. In this occasion a reception was arranged in honor of Mrs. Srimati Shaha, daughter-in-law of great philanthropist R. P. Shaha. Sisters from Shrima Sarda Songho presented flower bouquet and garland to Mrs. Srimati Shaha.

They highly praised the sacrifice and work of Mrs. Srimati Shaha. Mr. Md. Shahidul Islam Deputy Commissioner of Sylhet presented Mrs. Srimati Shaha with a crest. Mrs Shudha Rani Devi presided over the function where Swami Chandranathanandaji Maharaj and Begum Shahnaz Islam, President of Sylhet Ladies Club, Professor Panna Rani Roy, Professor Sarbani Arjun, Pronoti De Kaya, President of Shrima Sarda Songho and Bithika Dutta, Secretary of the Songha delivered speeches.



শ্রীমতী সাহা শ্রীমা সারদা সংঘের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, আমি শ্রীরামকৃষ্ণের দর্শন ও স্বামী বিবেকানন্দের আদর্শে বিশ্বাসী। কুমুদিনীর প্রাণ পুরুষ আমার শ্বশুর মশাই মহাপুরুষদ্বয়ের আদর্শ ও দর্শনের অনুসারী ছিলেন। তিনি জাতপাতের বিচার দূরে সরিয়ে রেখে কেবল মানুষের কথাই ভেবেছেন। মানব দরদী সেই কিংবদন্তী তুল্য মানুষটি হচ্ছেন কুমুদিনী কল্যাণ সংস্থার প্রতিষ্ঠাতা শহীদ রণদা প্রসাদ সাহা। তিনি নিজ চেষ্টায় সামর্থ্য অর্জন করে শিক্ষা ও চিকিৎসা সেবা নিয়ে সমাজের পিছিয়ে পড়া মানুষের পাশে দাঁড়িয়ে ছিলেন। আমি পরিবার থেকেই মা সারদা ও শ্রীরামকৃষ্ণের কথা মৃত শুনতে শুনতে বড় হয়েছি। তখন এই সব কথার ভিন্ন কোন অর্থ খুঁজে পাইনি। কিন্তু এখন বুঝতে পারি সেই সব অমৃত বাণী আমার জীবনে যে কত বড় সহায় সে কেবল আমিই অনুভব করতে পারি। আমার বাবা সিলেটের কৃতী সন্তান স্বর্গীয় বিমলেন্দু দাস ছিলেন একজন নিবেদিত প্রাণ সমাজসেবী। সুতরাং আমার বাবার পরিবার, কুমুদিনী পরিবার, শ্রীরামকৃষ্ণ বিবেকানন্দ আমাদের জীবনের সঙ্গে মিলে মিশে একাকার হয়ে আছে। কাজের ভেতরেই আমি ঈশ্বরকে খুঁজি। সমাজে অসহায় মা বোনদের পাশে দাঁড়াতে পেরেছি বলেই মুক্তিযুদ্ধের সময় স্বামীকে হারিয়ে অকাল বৈধব্যের শোককে শক্তিতে পরিণত করতে পেরেছি। আপনারা আমাকে আশীর্বাদ করবেন এভাবেই আমি যেন মানুষের জন্য কাজ করে যেতে পারি।

শ্রীমতী সাহা আরো বলেন, আমার ক্ষুদ্র সামর্থ্য নিয়ে শ্রীমা সারদা সংঘের পাশে দাঁড়াতে চাই। কুমুদিনী শ্রমজীবী নারীর আত্ম কর্মসংস্থানের একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান। আমি ও আমাদের প্রতিষ্ঠান সব সময় শ্রীমা সারদা সংঘের পাশে থাকবে এই অঙ্গীকার করছি।

Mrs. Srimati Shaha spoke on the works and deeds of her father-in-law, late Mr. R. P. Shaha who had set up Kumudini Welfare Trust.

R.P. Shaha sacrificed all his wealth for the education and healthcare of the poor and the needy. He always stood by them. He was one of the great social workers. Srimati Shaha also said, “My father’s family and my father-in-law’s family had immense contribution to the society”. She said that during our war of liberation, along with her father-in-law, she lost her husband at a very early age. But she could convert her grief into strength by God’s grace. This had allowed her to continue with her work.

Kumudini is a dependable organization providing empowerment to the poor working women. Srimati Shaha said that she is always willing to stand by the Sarda Songha and help the organization to provide service to the society. .

## কুমুদিনী হাসপাতালের জন্য অস্ট্রেলিয়া থেকে স্বেচ্ছা উপহার

## Donation for Kumudini Hospital from Australia



Handing over of hospital beds and other equipment received as donation from the Rotary Club of North Hobart, Tasmania, Australia-D, 9830.



অস্ট্রেলিয়ার একটি জেনারেল হাসপাতাল ও দুটি নার্সিং হোমের স্বেচ্ছা উপহার স্বরূপ কুমুদিনী হাসপাতালে রোগীদের সেবাকর্ম পরিচালনার সুবিধার্থে বেশ কিছু মেডিক্যাল সামগ্রী প্রেরণ করা হয়েছে।

অস্ট্রেলিয়ার রোটারি ক্লাব অব নর্থ হোবার্ট এর পক্ষে এ উপহার সামগ্রীর সমন্বয়কারীর দায়িত্বে ছিলেন ডাঃ জন জি. থর্ন।

এসব উপহারের মধ্যে রয়েছে ৫০টি হাসপাতাল বেড এবং ১টি বার্থিং বেড।

গত ৮ জুলাই সোমবার মির্জাপুরে আনুষ্ঠানিকভাবে কুমুদিনী হাসপাতাল কর্তৃপক্ষের নিকট উপহারগুলো হস্তান্তর করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা পশ্চিম রোটারি ক্লাবের পিডিজি জনাব একে এম সামসুল হুদা, পিএইচএফ।

A general hospital of Australia and two nursing homes have jointly donated some equipment as gifts to Kumudini Hospital.

The person in charge of delivering these equipment is Dr. John G Thorne on behalf of Rotary Club of North Hobart, Australia.

The equipment that were gifted include 50 hospital beds and 1 birthing bed.

On 8 July Monday, these equipments were handed over to the authority of Kumudini Hospital. The Chief Guest who graced this occasion was PDG of Dhaka Western Rotary Club Mr. AKM Samsul Huda, PHF.

## প্রতিভা মুৎসুদ্দির আজীবন সম্মাননা লাভ

## Lifetime achievement award for Protiva Mutsuddy



Ms Protiva Mutsuddy receiving award for her lifetime achievement from Advocate Sultana Kamal.

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের অন্যতম পরিচালক ভাষা সৈনিক মিস প্রতিভা মুৎসুদ্দিকে 'বাংলাদেশ বুদ্ধিস্ট উইমেন্স ফেডারেশন' এর পক্ষ থেকে আজীবন সম্মাননা প্রদান করা হয়।

সংস্থাটি গত ১৪ জুন ঢাকার মেরুল বাড্ডায় আন্তর্জাতিক বৌদ্ধ বিহারে অনুষ্ঠিত 'নারী সম্মেলন, মত বিনিময় ও সম্মাননা

One of the directors of Kumudini who was also an activist of the Bengali language movement, Ms Protiva Mutsuddy received a lifetime achievement award from the 'Bangladesh Buddhist Women's Federation'.

In a program entitled 'Women Conference, Exchange of Opinion and Award Giving Ceremony 2013' held at Merul



প্রদান-২০১৩' শীর্ষক অনুষ্ঠানের মাধ্যমে কয়েকজন আলোকিত বৌদ্ধ নারীকেও সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা এ্যাডভোকেট সুলতানা কামাল।

সম্মাননা প্রাপ্ত অন্যরা হচ্ছেন হস্তশিল্পে মঞ্জুলিকা চাকমা, লোকসংস্কৃতিতে মীনা বড়ুয়া, করপোরেট ওম্যান লিডারশিপে রূপালী চৌধুরী, চিকিৎসায় ডাঃ দিল্লী বড়ুয়া এবং চিত্রকলায় কনকচাঁপা চাকমা।

আজীবন সম্মাননা প্রাপ্তির পর নিজের অনুভূতি প্রকাশ পূর্বে মিস মুৎসুদ্দি বলেন, সন্তানের কাছ থেকে সম্মান পাওয়ার চাইতে বড় কিছু হতে পারেনা। তিনি উল্লেখ করেন, দেশ ও জাতি গঠনে সর্বক্ষেত্রে বৌদ্ধ নারীরা পুরুষের পাশাপাশি উন্নয়নের ধারা অব্যাহত রাখার ক্ষেত্রে সক্রিয় অংশগ্রহণ করে যাচ্ছেন। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, সম্প্রীতি ও অহিংস ভাবধারায় আলোকিত বৌদ্ধ নারীরা আরো আলোকিত হোক।

Badda in Dhaka on 14 June another five enlightened women of Buddhist community were also rewarded. The Chief Guest of the program was Ex Caretaker Government Advisor Advocate Sultana Kamal.

Other recipients of the award were Monjulika Chakma for handicrafts, Mina Barua for folk music, Rupali Chowdhury for corporate women leadership, Dr. Dipti Barua for healthcare and Konok Champa Chakma for Art.

After receiving the lifetime achievement award Ms Mutsuddy expressed her gratitude saying "There cannot be anything better than receiving so much of respect and honor from one's own child." She was also saying that Buddhist women, like the men had an equal contribution and active participation for the development of our country. She also expressed her hope that Buddhist women will continue to contribute to the welfare of the country.

## ঠোটকাটা-তালুকাটা চিকিৎসা কুমুদিনী হাসপাতাল-স্মাইল ট্রেন চুক্তি স্বাক্ষর

## Cleft Surgery Agreement signed between Kumudini Hospital and Smile Train



Kumudini Hospital-Smile Train Cleft Project agreement signing ceremony. From R-L: Director of Kumudini Hospital Dr. Dulal Podder, Smile Train Country Manager Dr. Mahbubul Hannan, Director of KWT Mrs. Shrimati Shaha and Chief Surgeon of the Project Dr. Syed Shamsuddin Ahmed.



কুমুদিনীর গুলশানস্থ দপ্তরে গত ৫ জুন আন্তর্জাতিক সংস্থা স্মাইল ট্রেন এর সঙ্গে কুমুদিনী হাসপাতালের মধ্যে একটি প্রকল্প চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্রকল্পটির নাম Smile Train - Kumudini Hospital Cleft Project.

এই প্রকল্পের আওতায় কুমুদিনী হাসপাতালে চিকিৎসাধীন ঠোঁটকাটা, তালুকাটা গরীব রোগীরা বিনামূল্যে শল্যচিকিৎসা তথা Cleft Surgery-র সুযোগ পাবেন।

চুক্তিতে স্বাক্ষর করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক মিসেস শ্রীমতী সাহা ও কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার এবং স্মাইল ট্রেনের কান্ট্রি ম্যানেজার ডাঃ মাহবুবুল হান্নান ও প্রকল্পের মুখ্য সার্জন ডাঃ সৈয়দ শামসউদ্দিন আহমেদ।

## আন্তর্জাতিক সেবিকা দিবস পালিত

গত ১২মে ছিল আধুনিক নার্সিংয়ের জননী ফ্লোরেন্স নাইটিংগেলের ১৯৩তম জন্ম দিন। সারা বিশ্বে এ দিনটি আন্তর্জাতিক সেবিকা দিবস হিসেবে পালিত হয়। নাইটিংগেলের জন্ম ১৮২০ খ্রিস্টাব্দের ১২মে ইটালির ফ্লোরেন্স শহরে।

মির্জাপুরে কুমুদিনী হাসপাতাল এবং কুমুদিনী নার্স স্কুল ও কলেজের সেবক-সেবিকারা অন্যান্য বছরের মতো এবারও বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে দিবসটি পালন করেন।

ঐদিন সকাল ৬টায় নার্সিং হোস্টেল থেকে মোমবাতি হাতে একটি র্যালী বের করা হয়। র্যালী শেষে সকলে মোমবাতি হাতে ফ্লোরেন্স নাইটিংগেলের নিম্নোক্ত শপথ বাণীটি নবায়ন করেন। শপথ বাণী নবায়ন করান কুমুদিনী নার্সিং স্কুলের উপাধ্যক্ষা মিসেস শেফালী সরকার।

“আমি সৃষ্টিকর্তার সাক্ষাতে এই জনমন্ডলীর সম্মুখে দৃঢ়ভাবে শপথ করিয়া বলিতেছি যে, আমি পবিত্রভাবে জীবন যাপন করিব।

যাহা কিছু মন্দ ও ক্ষতিকর তাহা হইতে বিরত থাকিব। সজ্ঞানে কাহাকেও কোন বিষাক্ত ঔষধ দিব না কিংবা নিজেও সেবন করিবনা।

আমি সমস্ত শক্তি দ্বারা আমার পেশার মান উন্নয়ন করিতে চেষ্টা করিব এবং সেবাকালে কাহারো ব্যক্তিগত অথবা পারিবারিক কোন গোপন কথা আমার গোচারীভূত হইলে তাহার গোপনীয়তা রক্ষা করিব। বিশ্বস্ততার সহিত আমি চিকিৎসকের কার্যে সহায়তা করিব এবং যাহাদের সেবার ভার আমার উপর ন্যস্ত হইয়াছে তাহাদের মঙ্গলের জন্য নিজেকে উৎসর্গ করিব।”

A partnership agreement was signed between Kumudini Hospital in Mirzapur and the International cleft charity Smile Train on 5 June at Kumudini's Gulshan Office. The name of the project is Smile Train- Kumudini Hospital Cleft Project.

Under this project this renowned hospital will be providing quality, safe and free surgeries to the poor patients suffering from cleft lip and palate.

Mrs Shrimati Shaha, Director, KWT, Dr. Dulal Chandra Podder, Director, Kumudini Hospital, Dr. Mahbubul Hannan, Smile Train Country Manager, Bangladesh and Dr. Syed Shamsuddin Ahmed, Chief Plastic Surgeon of the project signed on behalf of their respective organisations.

## International Nurses Day observed

Florence Nightingale's 193 birthday was on 12 May. In the whole world this day is celebrated as annual International Nurses Day. Florence Nightingale was born into a British family in 1820 at Florence in Italy.

Nurses of Mirzapur Kumudini Hospital and Kumudini Nursing School and College celebrated this day by performing various activities.

A rally was organized on that day in which students came out holding candles lit on their hands. After the end of the rally the students read out the following pledge of Florence Nightingale:

“I solemnly pledge myself before God and in the presence of this assembly, to pass my life in purity and to practice my profession faithfully. I will abstain from whatever is deleterious and mischievous, and will not take or knowingly administer any harmful drug. I will do all in my power to maintain and elevate the standard of my profession, and will hold in confidence all personal matters committed to my





A rally brought out by the sisters and brothers of Kumudini Hospital and students of Kumudini Nursing School and College on the International Nurses Day.

এ উপলক্ষ্যে সেবিকারা হাসপাতালের রোগীদের মধ্যে উৎকৃষ্ট খাবার বিতরণ করেন।

বিকেলে আন্তর্জাতিক সেবিকা দিবস পালনের অংশ হিসেবে নার্সিং স্কুলে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রদীপ প্রজ্জ্বালনের মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধন করেন ফ্লোরেন্স নাইটিংগেলের উত্তরসূরী বুন্টী রোজালীন আরেং। প্রদীপ প্রজ্জ্বালনে আরো অংশ নেন হাসপাতালের ডেপুটি মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ডাঃ পি কে রায়, নার্সিং কলেজের উপাধ্যক্ষা মিসেস মিনতি দাস, শেফালী সরকার প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতে জন্মদিনের কেক কাটা হয়। এরপর এবারের আন্তর্জাতিক সেবিকা দিবসের প্রতিপাদ্য বিষয় ‘Closing The Gap-Millennium Development Goal’ এর ওপর বক্তব্য রাখেন মিসেস শেফালী সরকার। এরপর অনুষ্ঠিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে নার্সিং স্কুল ও কলেজের সেবক-সেবিকা ভাইবোনেরা নাচ, গান ও কৌতুক পরিবেশন করেন। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন নূপুর বৈদ্য ও হেলেনা পালমা।

keeping and all family affairs coming to my knowledge in the practice of my calling. With loyalty will I endeavor to aid the physician, in his work, and devote myself to the welfare of those committed to my care.”

In the evening, as a part of the International Nurses Day celebration a cultural program was organized. A lamp was lighted by Florence Nightingale’s successor Runti Rosalind Arong. Others who lighted the lamp were Kumudini Hospital’s Deputy Superintendent Dr. P. K. Roy, Vice Principal of Kumudini Nursing College Mrs Minoti Das and Vice Principal of Kumudini Nursing School Mrs Shefali Sarker.

After cutting a cake, Mrs Shefali Sarker delivered a speech on ‘Closing The Gap- Millennium Development Goal’. Then the cultural Program was held. The program was anchored by Nupur Vaidya and Helena Palma.



## পারদর্শিতা ব্যাজ কোর্সে হোমসের গার্ল-ইন-রোভারবৃন্দ

## Girl-in-Rovers of Bharateswari Homes participated in Efficiency Badge Course



Participating students of Bharateswari Homes (standing in the picture) in the First Tangail District Efficiency Badge Course Girl-in-Rover: 2013.

বাংলাদেশ স্কাউটস, টাঙ্গাইল জেলা রোভার এর আয়োজনে সরকারি কুমুদিনী কলেজে গত ২৩-২৫ জুন পর্যন্ত তিন দিন ব্যাপী 'প্রথম টাঙ্গাইল জেলা পারদর্শিতা ব্যাজ কোর্স-২০১৩' অনুষ্ঠিত হয়।

অধ্যক্ষ খ. এনামুল করিম শহীদ (সিনিয়র সহসভাপতি, বাংলাদেশ স্কাউট টাঙ্গাইল জেলা রোভার) এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জাতীয় কমিশনার গার্ল-ইন-স্কাউট প্রফেসর শবনম সুলতানা। উপস্থিত ছিলেন প্রধান পৃষ্ঠপোষক মাসুদা হোসাইন ও প্রফেসর মো. শহীদুল্লাহ, প্রিন্সিপাল, কুমুদিনী সরকারি কলেজ।

দেশের সার্বিক উন্নয়নের লক্ষ্যে রোভার স্কাউটিং একটি সামাজিক আন্দোলন। স্কাউটিং কেবলমাত্র কেতাবী কোন বিদ্যা নয় যা শুধুমাত্র বই পুস্তকের মধ্যে সীমাবদ্ধ থাকবে। আমাদের চারপাশের পরিবেশ ও প্রকৃতিই হলো স্কাউটিং। যাকে অভিজ্ঞতা করা যায় যথার্থ উদার উন্মুক্ত পাঠশালা হিসাবে।

প্রথম দক্ষতা ব্যাজ কোর্স-২০১৩ তে ভারতেশ্বরী হোমসের ৮ গার্ল-ইন-রোভার প্রশিক্ষণার্থী হিসেবে দায়িত্ব পালন করেন হোমসের শরীরচর্চা শিক্ষক ফাহমিদা খাতুন। তিন দিনের কোর্সে শিক্ষার্থীদের মধ্যে অংশ নিয়েছিল টাঙ্গাইল জেলার কলেজসমূহের রোভারবৃন্দ। শিক্ষার্থীরা স্কাউটের ইতিহাস, পারদর্শিতা ব্যাজ, দক্ষতা ব্যাজ, স্কাউটের নীতিমালা, প্রাথমিক চিকিৎসা এবং বিভিন্ন দড়ির কাজ সম্পর্কে এই প্রশিক্ষণে জানতে পেরেছে।

দক্ষতা ব্যাজ কোর্সে অংশগ্রহণকারী ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা হচ্ছে-শিরিন জামান তিথি, আঁখি হালদার, লিলি মারমা, জান্নাত আরা সাদিয়া, সুস্মিতা মজুমদার, চৈতী সাহা, সোনিয়া আক্তার এবং দীপ্তি সাহা।

From 23-25 June 'First Tangail district Efficiency Badge Course Girl-in-Rover-2013' was organized in Kumudini Govt. College by Tangail district Rover. The program was conducted under the supervision of Principal Kh. Enamul Karim Shahid (Senior Vice President, Bangladesh Scout, Tangail District Rover), the chief guest was National Commissioner, Girl in Scout Prof. Shabnam Sultana.

For the development of our country Rover Scouting is a national revolution. Scouting is not solely limited on bookish knowledge. Our surroundings and environment is scouting.

Eight girls of Bharateswari Homes (BH) were roped in the first efficiency badge course of year 2013. The rover leader for the course was physical instructor of BH Fahmida Khatun. The students came to know about the history of scouting, efficiency badge, rules and regulations of scouting and primary treatment.

The students of Bharateswari Homes who participated in the efficiency badge course were Shirin Zaman Tithi, Akhi Haldar, Lili Marma, Jannat Ara Sadia, Susmita Majumder, Choity Saha, Sonia Akhtar and Dipti Saha.



## বিশ্বসাহিত্য কেন্দ্রের হোমস শাখার পুরস্কার বিতরণ

## Prizes of Bishwasahitya Kendra for Homes students



Students of Bharateswari Homes posing with prizes offered by Bishwasahitya Kendra.

বিশ্ব সাহিত্য কেন্দ্রের দেশ ভিত্তিক উৎকর্ষ কার্যক্রমের আওতায় ভারতেশ্বরী হোমস শাখার পুরস্কার বিতরণী অনুষ্ঠান সম্পন্ন হয় গত ১২মে, ২০১৩। বিজয়ী ৮৪ ছাত্রীকে পুরস্কার প্রদান করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক মিস প্রতিভা মুৎসুদ্দি।

স্কুলের শিক্ষার্থীরা যাতে তাদের মন ও বয়সের উপযোগী সুন্দর, সুখ পাঠ্য এবং উন্নত মানসম্পন্ন বই পড়ার মাধ্যমে পরিপূর্ণ ও আলোকিত মানুষ হিসেবে গড়ে ওঠার সুযোগ পায়, সে উদ্দেশ্যে বিশ্ব সাহিত্য কেন্দ্র তাদের জন্য একটি বইপড়া কর্মসূচি পরিচালনা করে চলছে। এই কর্মসূচির আওতায় বইয়ের তালিকায় রয়েছে বাংলা সাহিত্যের ও পৃথিবীর কিশোর সাহিত্যের সবচেয়ে সুন্দর ও উপভোগ্য সব বই। আর ছাত্র-ছাত্রীদের বই পড়ার উৎসাহ বাড়িয়ে তোলার জন্য রয়েছে বিপুল সংখ্যক পুরস্কারের ব্যবস্থা।

‘আলোকিত মানুষ চাই’ শীর্ষক আলোচনায় মিস প্রতিভা মুৎসুদ্দি বলেন, অন্ধকারে আলোক বর্তিকা আমাদের বিশ্ব সাহিত্য কেন্দ্রে।

On 12 May, Bishwasahitya Kendra (World Literature Center) distributed prizes to the students of Bharateswari Homes. The Director of KWT Ms Protiva Mutsuddy distributed the prizes among the 84 winners.

Bishwasahitya Kendra is a non-profit institution in Bangladesh to promote reading habits, enlightenment and progressive ideas among students and general public. Bishwasahitya Kendra offers classes on world literature for Higher Secondary students, and also provides books for those classes. For Secondary and Junior school level it operates a nation-wide reading program, and provides books for the students. In 2007, it had 500 schools under this program, and thousands of active student members.

Besides these programs, Bishwasahitya Kendra actively maintains libraries across the nation. It pioneered the concept of mobile library in Bangladesh, which carries books around the country. Since books



তিনি তাঁর বক্তব্যে বই পড়ার প্রতি ছাত্র-ছাত্রীদের উৎসাহী করে তোলা এবং নিরলসভাবে এই কার্যক্রম চালিয়ে যাবার জন্য বিশ্ব-সাহিত্য কেন্দ্রের সভাপতি অধ্যাপক আব্দুল্লাহ আবু সায়ীদেদের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। আরও বক্তব্য রাখেন বিশ্ব সাহিত্য কেন্দ্রের ভারতেশ্বরী হোমস শাখার সংগঠক হেনা সুলতানা ও অধ্যক্ষা প্রফেসর মনিকা দেবী বড়ুয়া। ছাত্রীরা এ উপলক্ষ্যে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে।

are expensive and libraries are not available everywhere - these mobile libraries are getting very popular.

Ms Mutsuddy also stated that Bishwasahitya Kendra is an illumination for readers. She expressed her gratitude to the President of Bishwasahitya Kendra Mr. Abdullah Abu Sayeed for his active participation in encouraging the students for reading habits. The organizer of Bishwasahitya Kendra Hena Sultana and Professor Monica Devi Barua also gave speeches. The students organized a cultural program on this occasion.

## শুভ বুদ্ধ পূর্ণিমা উদ্‌যাপিত

## Holy Buddha Purnima celebrated

গত ২৫ মে ছিল বৈশাখী পূর্ণিমা তথা শুভবুদ্ধ পূর্ণিমা। সারা বিশ্বের বৌদ্ধ ধর্মাবলম্বীদের মতো সর্বধর্মের মিলনকেন্দ্র কুমুদিনী কমপ্লেক্সে বৌদ্ধারাও অন্যান্য বারের মতো দিবসটি যথাযোগ্য মর্যাদা ও পবিত্রতার সাথে পালন করেছে। উৎসবে উপস্থিত থেকে শুভেচ্ছা জানান কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক মিসেস শ্রীমতী সাহা।

বৈশাখী পূর্ণিমা তিথির এই পুণ্য লগ্নে কমপ্লেক্সে বুদ্ধ অনুসারীগণ স্নান শেষে শুচিবস্ত্র পরিধান করে মন্দিরে কিছু সময় বুদ্ধ বন্দনায় মগ্ন থাকেন। এর পাশাপাশি তারা পঞ্চশীল, অষ্টশীল, সূত্রপাঠ, সূত্রশ্রবণ ও সমবেত প্রার্থনা করেন। বৈশাখী পূর্ণিমার দিনটি একাধারে বৌদ্ধধর্মের প্রবর্তক গৌতম বুদ্ধের জন্ম, সিদ্ধিলাভ এবং মহাপরিনির্বাণ লাভের পবিত্র দিনও বটে। তাই বৈশাখী পূর্ণিমা তিথিটি শুভ ও পবিত্র। উল্লেখ্য, বুদ্ধের জন্ম খ্রিস্টপূর্ব ৫৬৩ অব্দে।

আড়াই বছরের অধিককাল ধরে অহিংসার যে জীবন দর্শন পৃথিবীর মানুষকে নিরন্তর উদ্বুদ্ধ ও প্রাণিত করে আসছে তার মধ্যে গৌতম বুদ্ধের দর্শনজাত বৌদ্ধধর্ম বিশ্বের মানুষের কাছে এক কালজয়ী আলোকবর্তিকা। বুদ্ধ পূর্ণিমার পবিত্র তিথিতে কুমুদিনী কমপ্লেক্সে আয়োজিত প্রার্থনা সভায় বিশ্ব মৈত্রী, ভ্রাতৃত্ব, মানুষের কল্যাণ ও মঙ্গল কামনা করা হয়।

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক (শিক্ষা) মিস প্রতিভা মুৎসুদ্দির বাসভবনে ঐদিন সকাল ১০ টায় অনুষ্ঠিত প্রার্থনা সভায় সকল প্রকার পাপাচার মনোবৃত্তি পরিহার করে সৎকর্মের পরিপূর্ণতা



Lord Gautam Buddha.

On 25th May, the holy Buddha Purnima was observed in Kumudini Complex with utmost sincerity and respect. Kumudini complex is a place where religious festivals of almost all the major religions are observed and celebrated with equal importance. During the celebrations, Mrs. Srimati Shaha, Director of KWT, was present to express her greetings.

Throughout the day Buddhist scriptures and holy books were read. On Buddha Purnima, devout Buddhists in the Complex assembled in their temples before dawn for prayers.

Gautam Buddha, also known as Siddhārtha Gautam or simply the Buddha, was born

in 563 BC. On his teachings Buddhism was founded.

The teachings of Buddha that life is permeated through suffering caused by desire, that suffering ceases when desire ceases, and that enlightenment obtained through right conduct, wisdom, and meditation releases one from desire, suffering, and rebirth.

During this auspicious occasion special prayers were carried out wishing for the welfare and well being of the people.



এবং চিন্তের পবিত্রতা রক্ষা করে চলার সংকল্প করা হয়। এই প্রার্থনা সভায় মিস মুৎসুদ্দি বৌদ্ধ ধর্মের পঞ্চশীল ব্যাখ্যা করে বলেন, 'বুদ্ধের জীবন দর্শন শুধু বৌদ্ধ ধর্মের অনুসারীদের জন্যই নয়, সমগ্র মানব জাতির জন্যই সমানভাবে গুরুত্বপূর্ণ।'

উক্ত প্রার্থনা সভায় বৌদ্ধ ধর্মাবলম্বীরা ছাড়াও উপস্থিত ছিলেন মির্জাপুরে অবস্থিত কুমুদিনীর সকল প্রতিষ্ঠানের ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। মিস মুৎসুদ্দি অনুষ্ঠানে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, 'বৌদ্ধ দর্শনে মানুষের হৃদয়বৃত্তিকেই সর্বাধিক গুরুত্ব দেয়া হয়েছে। মানুষের মধ্যে যে শ্রেয়বোধ, কল্যাণশক্তির মহিমা নিহিত আছে তাকে উদ্বুদ্ধ করাই বৌদ্ধ দর্শনের প্রধান লক্ষ্য। বৈশাখী পূর্ণিমার এই শুভদিনে বিশ্বের সকল মানুষের অন্তর অহিংসার মর্মবাণীতে জাগ্রত হোক। সাম্য - মৈত্রী - করুণা - দয়া - প্রেমে উদ্ভাসিত হোক সকল মানুষের হৃদয়।'

## শুভ ক্রয় দিবস পাট ক্রয় ও বেলিংয়ের শুভ সূচনা

গত ১০জুলাই ছিল শুভ রথ যাত্রা। প্রতি বছরের মতো এবারও এ দিনটিতে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অব বেঙ্গল (বিডি) লিমিটেডে বার্ষিক পাট ক্রয় ও বেলিংয়ের শুভ সূচনা করা হয়। দিবসটি কুমুদিনী পরিবারের কাছে 'শুভ ক্রয় দিবস' বা লাকি পারচেজ ডে হিসেবে পরিচিত। ট্রাস্টের পরিচালক মিসেস শ্রীমতী সাহা ও মিস প্রতিভা মুৎসুদ্দি নারায়ণগঞ্জে পাট বেলিং বা বাঁধায়ের শুভ উদ্বোধন ঘোষণা করেন। এর আগে প্রেসে মিলাদ মাহফিলের আয়োজন করা হয় এবং কুমুদিনীর সার্বিক কল্যাণে পরম করুণাময়ের আর্শীবাদ কামনা করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালকের উপদেষ্টা খন্দকার আফসার উদ্দীন, কুমুদিনী জুট ডিভিশনের ম্যানেজার শ্রী জগন্নাথ পোদ্দার এবং সংস্থার অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

There was another event organized at the residence of Ms Protiva Mutsuddy, Administrator, Kumudini Complex, Mirzapur on the occasion of Buddha Purnima, where an oath was taken according to which everyone will wholeheartedly participate in activities for the well being of mankind. Ms Mutsuddy said that the values and principles taught by Buddha were not only directed towards Buddhist people. It was also for followers of other religions.

Along with the followers of Buddhism, students, teachers, and other employees of all the departments and institutions in the Complex were present in the event.

## Lucky Purchase Day of jute observed

Holy Rathayatra was celebrated on 10 July, 2013. Like all other years annual jute procurement and bailing was inaugurated by KWT at Narayanganj on this day following ritual of the opening ceremony of Rathayatra in the temple of Yashomadhava at Dhamrai. Kumudini family recognizes this day as Lucky Purchase Day. The directors of KWT Mrs. Srimati Shaha and Ms. Protiva Mutsuddy inaugurated the jute procurement on the day of Rathayatra. A Milad Mahfil was arranged at the press and prayers were offered for the well being of KWT.

Among others advisor to the MD of the trust Mr. Khondoker Afsaruddin, Manager of Kumudini jute division Mr. Jagannath Podder and other officers and employees of the trust were present in the function.



Lucky Purchase of jute by KWT at Narayanganj.



## ধামরাইয়ের রথযাত্রা উৎসবে কুমুদিনীর সম্পৃক্ততা

ঢাকা জেলার ধামরাইয়ে গত ১০ জুলাই আষাঢ়ের শুরুপক্ষের দ্বিতীয়া তিথিতে দেশের সর্ববৃহৎ রথোৎসব শ্রীশ্রী যশোমাধবের রথযাত্রা এবং মাসব্যাপী গ্রামীণ ও কুটির শিল্পমেলা অনুষ্ঠিত হয়। উল্টোরথ বা যশোমাধবের পুনর্যাত্রা অনুষ্ঠিত হয় ১৮ জুলাই একই শুরুপক্ষের দশমী তিথিতে।

উদ্বোধনী দিবসে সকাল আটটায় পূজা পর্বের অনুষ্ঠানে কুমুদিনীর নারী শিক্ষা প্রতিষ্ঠান ভারতেশ্বরী হোমসের সনাতন ধর্মাবলম্বী ছাত্রীরা অংশগ্রহণ করে এবং ভক্তিমূলক সংঙ্গীত পরিবেশন করে। ছাত্রীরা ছাড়াও এ সময়ে যশোমাধব মন্দিরে ভক্তি-প্রণতি নিবেদন করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালনা বোর্ডের দু'জন সদস্য মিসেস শ্রীমতী সাহা ও মিস প্রতিভা মুৎসুদ্দি।

মন্দিরের আনুষ্ঠানিকতা শেষে ট্রাস্টের এই পরিচালকদ্বয় নারায়ণগঞ্জের খানপুরে অবস্থিত কুমুদিনী কমপ্লেক্সে বরাবরের মতো রথযাত্রার শুভদিন উপলক্ষে বাৎসরিক পাট ব্যবসার শুভ উদ্বোধন করেন। এতে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের নারায়ণগঞ্জ কমপ্লেক্সের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। এ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত সকলকে মিষ্টিমুখ করানো হয়।

ধামরাইয়ের রথযাত্রা শুধু একটি বিশেষ সম্প্রদায়ের ধর্মীয় উৎসবই নয়, এর সঙ্গে সামাজিক বন্ধনেরও একটি শিক্ষা রয়েছে। সহস্র মানুষের সমন্বিত শক্তিতে রশির টানে অচল রথ সচল হয়ে ওঠে, এই সত্যটা রথযাত্রা উৎসবে স্পষ্ট হয়ে ওঠে।

প্রতি বছরের মতো এবারও ধামরাইয়ের রথোৎসবটি লাখে হিন্দু-মুসলমানের মিলন মেলায় পরিণত হয়েছিল। উদ্বোধনী দিবসে বিকেল পৌনে পাঁচটায় রথ টানা শুরু হয়। এ সময়ের অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্থানীয় সংসদ সদস্য আলহাজ্ব বেনজীর আহমেদ। বিশেষ অতিথিবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত ভারতের ডেপুটি হাই কমিশনার শ্রী সন্দীপ চক্রবর্তী, বাংলাদেশ সরকারের মৎস্য ও পশুপালন মন্ত্রণালয়ের সচিব শ্রী উজ্জ্বল বিকাশ দত্ত, ঢাকা জেলার অতিরিক্ত জেলা প্রশাসক জনাব আবুল ফজল মীর প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেজর জেনারেল জীবন কানাই দাস (অব:)।

জানা যায়, বাংলা ১০৭৯ সাল থেকে প্রায় সাড়ে তিনশ' বছর ধরে ধামরাইয়ে রথ যাত্রা চলে আসছে। প্রথমে সেখানে ছিল বাঁশের রথ। পরে নির্মিত হয় কাঠের রথ। বাংলা ১২০৪ সালে থেকে ১৩৪৪ সাল পর্যন্ত সময়কালে বর্তমানে মানিকগঞ্জ জেলাধীন সাটুরিয়ার বালিয়াটির সাহা জমিদারগণ বংশানুক্রমে ধামরাইতে পরপর চারখানা রথ তৈরি করে দেন। ১৩৪৪ সালে যে রথটি তাঁরা তৈরি করেন তার ঠিকাদার ছিলেন নারায়ণগঞ্জের সূর্যনারায়ণ সাহা। সেই রথটির উচ্চতা ছিল ৬০ ফুট। ত্রিতল বিশিষ্ট সেই রথটি টানার জন্য প্রায় ২৭ মণ পাটের কাছির দরকার হতো। বাংলা ১৩৫০ সালে জমিদার প্রথা বিলোপের পর

## Rathayatra Festival of Dhamrai and Kumudini's participation

On 10th July, 2013 Rathayatra of Shri Shri Yashomadhava was celebrated at Dhamrai in the district of Dhaka. It was the second lunar day of the bright fortnight in the Bangla month of Ashar. The Ultorath festival or the return journey of the god Shri Shri Yashomadhava in the same Rath (chariot) was held on Thursday 18th July 2013.

On the opening day, the Hindu students and teachers of Bharateshwari Homes carried out puja at 8 a.m. in the temple premises of Yashomadhava. They performed devotional songs. Mrs Shrimati Shaha and Ms Protiva Mutsuddy, directors of KWT, participated in the occasion.

After the ritual of the opening ceremony at Dhamrai temple, the lucky jute purchase ceremony of KWT was conducted as customary at Khanpur, Narayanganj. Officers and employees of KWT were present there on the occasion. Those participating were offered sweets.

The Rathayatra festival at Dhamrai is not limited to a special group of people only. This has a social binding and educational role as well. More than a thousand people pull the chariot of Yashomadhava and make the stationary one moving.

Like all other years this year also, hundreds and thousands of Hindus and Muslims participated in this ceremony.

On the opening day the pulling of the Rath started at 5pm in the evening. On the occasion, the chief guest was local MP Mr. Al hajj Benzir Ahmed. Special guests were Deputy High Commissioner of India Mr. Shandip Chakravorty, the Secretary of the Ministry of Fishery and Livestock Mr. Ujjwal Bikash Dutta, the Additional Deputy Commissioner of Dhaka Mr. Abul Fazal Mir and others.

The program was presided over by Major Gen. Jibon Kanai Das (Retd.)

The Rathayatra of Dhamrai is being celebrated for the last 350 years and was started in the Bangla year of 1079. Initially the chariot or Rath was made of bamboo. Later on it was made of wood. Between Bangla 1204 and 1344 the Saha zamindars of Baliati of Manikganj district made four Rathes successively.

The contractor who made Rath in 1344 Bangla was Mr. Shurya Narayan Saha of Narayanganj. That Rath was 60





Students of Bharateswari Homes performing devotional songs on the eve of the Rathayatra at Dhamrai.

দানবীর রণদা প্রসাদ সাহা এগিয়ে আসেন রথ যাত্রার উৎসব আয়োজনে। তিনি মেলার শ্রীবৃদ্ধির জন্যও হাত বাড়িয়ে দেন। মেলার যাবতীয় খরচ বহন করত তাঁরই প্রতিষ্ঠিত কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট। একান্তরের মুক্তিযুদ্ধ চলাকালে পাকিস্তানি সেনাবাহিনী ও তাদের সহযোগীরা ঐতিহ্যমণ্ডিত সেই রথটি পুড়িয়ে ধ্বংস করে দেয়। দানবীর রণদাপ্রসাদ সাহাও বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় কুমুদিনীর নারায়ণগঞ্জের বাড়ি থেকে অপহৃত হয়ে চিরদিনের মতো নিখোঁজ হন। বাংলাদেশের স্বাধীনতার পর পুনঃ প্রতিষ্ঠা করা হয় প্রথমে বাঁশের রথ। পরবর্তীকালে একটি ছোট কাঠের রথ তৈরি করে যশোমাধবের রথযাত্রা উৎসব উদ্‌যাপন অব্যাহত রাখা হয়। এই কাঠের রথটি নির্মিত হয় দানবীর রণদাপ্রসাদ সাহা'র মেয়ে ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক শ্রীমতী জয়াপতিসহ অন্যান্য দানশীল ব্যক্তিদের সহায়তায়।

পরবর্তীতে ভারত সরকারের অর্থানুকূলে লোহার পাতের ৩৭ ফুট দীর্ঘ ও ২০ ফুট প্রস্থ বিশিষ্ট তিনতলা রথের অবকাঠামোয় সেগুন কাঠের আবরণ দিয়ে কারুকার্য খচিত বর্তমান রথটি তৈরি করা হয়। নবনির্মিত এই রথটি দিয়ে যশোমাধবের প্রথম রথযাত্রা উৎসবটি অনুষ্ঠিত হয় ১৪১৭ বাংলা/২০১০ খ্রিস্টাব্দের ১৩ জুলাই। শ্রীমতী জয়াপতির পর প্রয়াত রণদাপ্রসাদ সাহা'র পৌত্র ও তাঁর সুযোগ্য উত্তরসূরী শ্রী রাজীব প্রসাদ সাহা স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও মন্দির কমিটির সহযোগিতায় বর্তমানে শ্রীশ্রী যশোমাধবের সেবা ও রথোৎসব পরিচালনার দায়িত্ব সচাচরূপে পালন করে যাচ্ছেন। উল্লেখ্য, শ্রীশ্রী যশোমাধব মন্দির পরিচালনা কমিটির বর্তমান সাধারণ সম্পাদক পদে অধিষ্ঠিত আছেন শ্রী রাজীব প্রসাদ সাহা।

feet in height. The three storied Rath was required to be pulled by ropes made from 1 ton of jute.

In 1350 Bangla when the zamindari system was abolished, philanthropist R. P. Shaha came forward to support the Rathayatra celebration at Dhamrai and all expenses of the Rathayatra fair was also borne by KWT.

During the war of liberation in 1971 the Rath was burned down by the Pakistan Army and their collaborators. During the liberation war, philanthropist R.P. Shaha and his son was also abducted from Narayanganj by the Army and their collaborators. They never came back.

After the independence the Rath was made of bamboo again. Later on it was made of wood again. This was financed by Mrs. Joya Pati, daughter of R.P. Shaha.

Later on with financial support from the Indian Govt. a 37 feet by 20 feet 3 storied iron Rath was made which was clad with teak timber. It had decorations engraved on it. With this new Rath the first ceremony was carried out in 1417 Bangla/ 2010 of Christian Era.

After Mrs. Joyapoti, Mr. Rajiv Prasad Shaha, the grandson of R.P. Shaha, has been providing support to the temple committee. At present, the responsibility of the General Secretary of the temple committee is being performed by him.



## সাহিত্য-সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান

## Cultural Competition and Prize Distribution Ceremony



From R-L : VP of Bharateswari Homes Students Union Shirin Zaman, Deputy Commissioner of Tangail Mr. Md. Anisur Rahman, his wife Begum Shamim Ara, Principal Manika Devi Barua and GS of the Students Union Lili Marma.

গত ৬ জুন বিকাল ৪.৩০ মিনিটে ভারতেশ্বরী হোমসে 'সাহিত্য সাংস্কৃতিক প্রতিযোগিতা ও ছাত্রীদের আবাসিক পুরস্কার বিতরণী - ২০১৩' অনুষ্ঠিত হয় পিপিএম হলে।

অনুষ্ঠানে প্রধান অতিথির আসন গ্রহণ করেন টাঙ্গাইলের জেলা প্রশাসক জনাব মুহাম্মদ আনিছুর রহমান। বিশেষ অতিথি ছিলেন তাঁর সহধর্মিণী বেগম শামীম আরা। আরো উপস্থিত ছিলেন জেলা প্রশাসকের সফর সঙ্গী অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জনাব মো. লুৎফর রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জনাব আবু সালে মো. মহিউদ্দিন খান, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও তথ্য প্রযুক্তি) জনাব মো. জাহিরুল ইসলাম, উপ-পরিচালক (স্থানীয় সরকার) শ্রী গৌতম চন্দ্র পাল, নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মো. সাইফুল কবির। এছাড়াও উপস্থিত ছিলেন কুমুদিনী কমপ্লেক্সের বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ।

প্রধান অতিথি সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ী ১৮২ ছাত্রীর হাতে পুরস্কার তুলে দেন।

ভারতেশ্বরী হোমস আবাসিক পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য ২০০ ছাত্রীর হাতে পুরস্কার তুলে দেন অনুষ্ঠানের বিশেষ অতিথি বেগম শামীম আরা।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, দানবীর রণদা প্রসাদ সাহা এমন একটি প্রতিষ্ঠান তৈরি করে গেছেন যা এদেশে নারী শিক্ষার আলোকবর্তিকা। তাঁর প্রতি আমাদের অসীম কৃতজ্ঞতা। আমি ও আমার সফর সঙ্গীরা এই অনন্য প্রতিষ্ঠানে আসতে পেরে নিজেদেরকে ধন্যমান করছি।

পুরস্কার বিতরণীর পূর্বে হোমসের ছাত্রীরা অতিথিদের সম্মানে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।

On 6 June at 4:30 pm the Cultural Competition- 2013 and Prize Distribution Ceremony of Bharateswari Homes took place in the PPM Hall, Mirzapur.

The chief guest for this occasion was Deputy Commissioner of Tangail Mr. Anisur Rahman and special guest for this event was his wife Begum Shamim Ara. Others who were present are: Additional Deputy Commissioner (General) Mr. Lutfur Rahman, Additional District Magistrate Mr. Abu Saleh Md. Mohiuddin Khan, Additional Deputy Commissioner (Education and IT) Mr. Md. Johirul Islam, Deputy Director (Local Government) Mr. Goutam Chandra Pal, Executive Magistrate Mr. Saiful Kabir. Employees from various departments of Kumudini were also present.

The chief guest handed over prizes to about 182 students of Homes who were the winners.

For maintaining the clean environment in the Bharateswari premises, the special guest of the event Mrs. Shamim Ara handed over prizes to 200 students.

The chief guest of the event said, "Philanthropist R. P. Shaha has built up Bharateswari Homes which is a landmark for female education. We are extremely grateful to him. I and my fellow colleagues consider ourselves fortunate to be able to come to this place."

In honor of the guests, the students of Bharateswari Homes organized a cultural program.



## রবীন্দ্র জয়ন্তী উদ্‌যাপিত

ভারতেশ্বরী হোমসের পিপিএম হলে গত ১২মে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৩ তম জন্মজয়ন্তী পালিত হয়। একই সঙ্গে পালিত হয় তাঁর নোবেল পুরস্কার প্রাপ্তির শতবর্ষ উদ্‌যাপনের অনুষ্ঠানটিও।

অনুষ্ঠানে রবীন্দ্রনাথের জীবন ও সাহিত্যের নানা দিক নিয়ে আলোচনা হয়। পরিবেশিত হয় গীতি আলেখ্য 'মন জাগো মুক্তির আলোকে।' আবৃত্তি ও সঙ্গীত সমৃদ্ধ গীতি আলেখ্যটিতে অংশ নেয় ভারতেশ্বরী হোমসের ছাত্রীবৃন্দ।

আলোচনায় অংশ নেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের অন্যতম পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষা প্রফেসর মনিকা দেবী বড়ুয়া, হোমসের বাংলা বিভাগের সহকারী অধ্যাপিকা মনীরা সিদ্দিকা।

মিস মুৎসুদ্দি তাঁর বক্তব্যে বলেন, রবীন্দ্রনাথের সৃষ্টির বিশাল ব্যাপ্তিকে উপলব্ধি ও আবিষ্কার করার ভেতর পাঠকের যে আনন্দ তা অতুলনীয়। দেড়শ বছর পরও তিনি আমাদের জীবনে নিত্যদিনের মননশীলতার অংশ। প্রফেসর মনিকা দেবী বড়ুয়া বলেন, 'সত্য যে কঠিন, কঠিনেরে ভালবাসি-লাম, সে কখনো করেনা বঞ্চনা'-এই হচ্ছেন আমাদের রবীন্দ্রনাথ। জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের প্রতিবাদে ব্রিটিশ সরকার প্রদত্ত দুর্লভ 'নাইট' উপাধি পরিত্যাগ করতে দ্বিধা করেননি। অনুষ্ঠানে সহকারী অধ্যাপিকা মনীরা সিদ্দিকা রবীন্দ্রসাহিত্য বিষয়ে দীর্ঘ আলোচনা করেন।

## Celebration of Tagore's birth anniversary

On 12 May the 153rd birth anniversary of famous poet Rabindranath Tagore was celebrated at Kumudini Complex, Mirzapur. At the same time, the completion of a century after his achievement of the prestigious Nobel Prize was also celebrated.

In the function, the life and various aspects of literature of Rabindranath Tagore was discussed. The students of Bharateswari Homes performed Tagore songs and recited poetry written by the poet.

The event was also attended by the Director of KWT Ms Mutsuddy, Principal of Bharateshwari Homes Prof. Monica Devi Barua & Assistant Professor of Bengali Department Monira Siddika.

Ms Mutsuddy stated that the amount of joy that readers get from Rabindranath's literature is incomparable. Even after 73 years of his death Rabindranath Tagore is still an inevitable part of our lives. She also said that in protest of the Jalianwalabagh carnage, Rabindranath expressed his aversion by rejecting the prestigious title of 'Knight' awarded by the then British Government.



Students of Homes rendering songs to commemorate the 153th birth anniversary of Rabindranath Tagore.



## নজরুল-রণদাপ্রসাদকে নিয়ে টেলিফিল্ম

Telefilm based on  
Kazi Nazrul – R P Shaha



From L-R : Mamunur Rashid acting as R P Shaha while Chanchal Chowdhury as Kazi Nazrul Islam in the telefilm 'Nazrul Khoje'. (Photo from TV Screen)

গত ২৭ আগস্ট ছিল জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৩৭তম মৃত্যু বার্ষিকী। এই দিনটিকে উপলক্ষ করে টিভি চ্যানেল আই 'নজরুলের খোঁজে' শিরোনামে একটি টেলিফিল্ম বা টেলিনাটক প্রচার করে। প্রখ্যাত নাট্যকার মামুনুর রশিদ রচিত এই টেলিফিল্মটির প্রায় সম্পূর্ণ অংশই চিত্রায়িত হয়েছে মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে।

নাটকটির প্রধান দুটি চরিত্র হচ্ছে অবিভক্ত বাংলার দুই মহানায়ক বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম ও দানবীর রণদাপ্রসাদ সাহা। চরিত্র দুটিতে অভিনয় করেছেন যথাক্রমে চঞ্চল চৌধুরী ও নাট্যকার মামুনুর রশিদ স্বয়ং। এটি ছিল একটি প্রতীকী নাটক।

দর্শকের মনে প্রশ্ন জাগা স্বাভাবিক সুদূর বর্ধমানের চুরুলিয়া গ্রামের কবিকে কেন টাঙ্গাইলের মির্জাপুর গ্রামের কুমুদিনী কমপ্লেক্সে খুঁজতে আসা? এর একটি ঐতিহাসিক কারণ আছে। নাট্যকার সেই ঐতিহাসিক পটভূমিকে নিখুঁতভাবে প্রয়োগ করেছেন তাঁর চিত্রনাট্যে। সৈনিক নজরুল ও সৈনিক রণদাপ্রসাদের মধ্যকার গভীর হৃদয়তা ও সখ্যতা কুমুদিনীর ইতিহাসে যুক্ত করেছে নতুন মাত্রা।

27 August 2013 was the 37th death anniversary of our National Poet Kazi Nazrul Islam. On this occasion TV "Channel I" had broadcast a Bangla telefilm named 'Nazrul Khoje' meaning in search of Nazrul. The script was written by famous dramatist Mamunur Rashid and the entire filming was done at Kumudini Complex, Mirzapur.

The two main characters in the drama are Rebel Poet Kazi Nazrul Islam and Ranada Prasad Shaha, the two important personalities of undivided Bengal. Chanchal Chowdhury and Mamunur Rashid played the role of Nazrul and RP Shaha respectively. This was a symbolic drama.

The viewers might have wondered as to why one would look for Kumudini Complex at Mirzapur rather than his village home at Churulia in the district of Burdhan in West Bengal. There is a historic reason for this. The drama is based on the deep relationship between soldier



১৯১৭ সাল। চলছে দুনিয়া কাঁপানো প্রথম বিশ্বযুদ্ধ। রণদা প্রসাদ সাহা ব্রিটিশ বাহিনীতে যোগদেন সুবেদার মেজর পদে। অতঃপর '৪৯ বেঙ্গল রেজিমেন্টের' বাঙালি পল্টনের সঙ্গে ট্রেনিং নিতে চলে যান বর্তমান পাকিস্তানের নওশেরায়। কাজী নজরুল ইসলামও ট্রেনিংয়ের উদ্দেশ্যে তখন একই ক্যাম্পে ছিলেন। এখানে কবির সঙ্গে রণদা প্রসাদ সাহার সখ্যতা গড়ে ওঠে। সৈনিকের প্রশিক্ষণ যুদ্ধবিদ্যা কেন্দ্রিক একথা বলাই বাহুল্য। কিন্তু সৈনিক জীবনের শিক্ষা এই দু'জনকে পরবর্তী জীবনে নানাভাবে সহায়তা করেছে। এই শিক্ষা তাঁদের দু'জনের অভিজ্ঞতাকে প্রসারিত করতে, দৃষ্টিভঙ্গিকে উদার করতে এবং নিজ নিজ জীবনকে চিনে নিতে সহায়ক হয়েছে।

সৈনিক জীবন যেমন নজরুলকে বাংলার প্রাদেশিক গন্ডি ছাড়িয়ে সর্ব ভারতীয় তথা আন্তর্জাতিক চেতনাবোধে উদ্বুদ্ধ করেছিল তেমনি সৈনিক জীবনের শৃঙ্খলাবোধ রণদাপ্রসাদকেও একজন দায়িত্বশীল মানুষে পরিণত করেছিল।

পরবর্তীকালে রণদাপ্রসাদ যখন জীবনে সুপ্রতিষ্ঠিত হয়ে মানব কল্যাণে তৈরি করেন তাঁর স্বপ্নের কুমুদিনী হাসপাতাল তখন কবি কোলকাতায় সম্পূর্ণ নীরব হয়ে যাপন করেছিলেন অসুস্থ জীবন। ১৯৪৭ সালে ভারত বিভক্ত হয়ে সৃষ্টি হলো পাকিস্তান। রণদাপ্রসাদ তাঁর স্নেহজন্য কবিকে কুমুদিনী হাসপাতালে এনে বিশেষজ্ঞ ডাক্তার দিয়ে চিকিৎসা করাতে আগ্রহী হন। কিন্তু তখনকার পরিস্থিতিতে শত চেষ্টা করেও কবিকে ভারত থেকে পাকিস্তানে এনে চিকিৎসা করানো তাঁর পক্ষে সম্ভব হয়ে ওঠেনি। কবির জন্য তাঁর সর্বদা প্রাণ কাঁদতো। অসুস্থ নজরুলের জন্য রণদার সাহায্য-সহানুভূতি ছিল অব্যাহত।

নজরুল শুধু কবি, গীতিকার কিংবা সংঙ্গীতজ্ঞই ছিলেন না। তিনি একজন অভিনেতাও ছিলেন, ছিলেন একজন বংশীবাদকও। রণদাপ্রসাদ ছিলেন বঙ্গ সংস্কৃতির একজন অসাধারণ সমঝদার। তিনি যেমন সঙ্গীতকে ভালোবাসতেন, তেমনি অভিনয়কেও। 'আলমগীর' নাটকে নাম ভূমিকায় তাঁর অভিনয় ইতিহাস হয়ে আছে। আবার নজরুলও 'ধ্রুব' চলচ্চিত্রে নারদের ভূমিকায় অভিনয় করে দর্শকদের অকুণ্ঠ প্রশংসা কুড়িয়েছেন।

'নজরুলের খোঁজে' নাটকে এসব প্রসঙ্গ অত্যন্ত সুনিপুণভাবে নাট্যকার প্রয়োগ করেছেন। নাটকটি সম্প্রচারের ফলে এই প্রজন্মের দর্শকেরা জানতে পারলেন নজরুল-রণদাপ্রসাদের মানবতাবাদী অসাম্প্রদায়িক চেতনাবোধের কথা, দুই অকৃত্রিম দেশপ্রেমিক বন্ধুর কথা এবং তাঁদের মধ্যকার গভীর সম্পর্কের কথা। এমন একটি নাটক সম্প্রচার করায় 'চ্যানেল আই' এর প্রতি রইল আমাদের অকুণ্ঠ ধন্যবাদ।

Nazrul and soilder RP Shaha and Kumudini Complex had added a new dimension to this.

During the First World War Ranada Prasad Shaha joined the war as a soilder in 1917. Thereafter, he left with the '49 Bengal Regiment' for training at Nowshere in present day Pakistan. Kazi Nazrul was also in the same camp for training. Here Ranada met Kazi Nazrul Islam and they became very friendly. This training had immense effect in the later life of both the individuals which helped them gain experience and changed their attitudes towards life.

This exposure took out Nazrul from the provincial to the international level and made Ranada Prasad a more disciplined and responsible man.

Later on when Ranada being established as a successful businessman was building his dream Kumudini Hospital, Poet Nazrul was passing a silent and ill life in Kolkata. In 1947 British India was divided into Pakistan and India. Ranada tried desperately to bring Nazrul to Kumudini for specialized treatment but unfortunately the circumstances prevailing at that time did not allow Nazrul to travel from India to East Pakistan. Ranada deeply felt for his friend and he had all the sympathies for Nazrul.

Nazrul was not only a poet or a composer of songs but also a good actor and could play the flute very well. Ranada Prasad was a connoisseur of Bengali culture. His love for music was same as that for acting. Ranada acted as emperor Alamgir in the drama named 'Alamgir' which became a history. Again, Nazrul acted the role of Narad successfully in the film 'Dhruba' which was acclaimed by the audience.

The cultural life of Nazrul and Ranada was rightly depicted in the film 'Nazruler Khoje'. The telecast of the film had enabled the new generation to learn about the non-communal and pragmatic lifestyle of the two patriots of the sub-continent. Kumudini family expresses its gratefulness to "Channel I" for broadcasting the film.



## চিকিৎসা পরিসংখ্যান

মে - আগস্ট ২০১৩

### টিকাদান কর্মসূচী

	মে	জুন	জুলাই	অক্টোবর
পেন্টাভেলেন্ট	৩০৬	২৭৭	৩১৪	২৯২
পোলিও	৩৫৪	৩৫৪	৪৪৯	৪০৬
টিটি	১৭২	১২১	১২৯	১০৮
মিজেলস	৬৩	৫২	৫৭	৪৬
বিসিজি	১২২	৯৭	১২৭	১১১
রোবেলা	৪৮	৭৭	১৩৫	১১৪
ভিটা-এ	৩২	২৮	২৪	৩৮

### হাসপাতালে ভর্তিকৃত রোগী

	মে	জুন	জুলাই	অক্টোবর
ভর্তি	৩৩৬১	৩৬৪৫	৩৪২৪	৩১৬০

### বহিবিভাগে রোগী

	মে	জুন	জুলাই	অক্টোবর
	১৮৬৫৮	১৮৮৩৩	২০৪৯৯	১৯৮৭৭

### হাসপাতালে মৃত্যু

	মে	জুন	জুলাই	অক্টোবর
	৬৭	৬৫	৬১	৫৯

### অস্ত্রপচার পরিসংখ্যান

সার্জারী

	মে	জুন	জুলাই	অক্টোবর
মেজর	৪৫	৪১	৪৮	৪৩
মাইনর	৪২	৪৩	৫৪	৪০

### অর্থোপেডিক্স

	মে	জুন	জুলাই	অক্টোবর
মেজর	২০	৩১	২৭	২৪
মাইনর	৬১	৭৫	৭১	৩৫

### নাক, কান, গলা

	মে	জুন	জুলাই	অক্টোবর
মেজর	২৬	২০	১৭	১৮
মাইনর	৪	৬	৫	৩৮

### গাইনী

	মে	জুন	জুলাই	অক্টোবর
মেজর	৩৯	৩৩	৩৮	২৬
মাইনর	৩০	৫৮	৫০	৪৫

### অবস্ট্রিকস

	মে	জুন	জুলাই	অক্টোবর
মেজর	১০৫	৯৭	১১৫	১২৪
মাইনর	১০৭	৯৫	১১৭	১২৫

### চক্ষু

	মে	জুন	জুলাই	অক্টোবর
চক্ষু অপারেশন	২৫৬	৩০৮	২১৪	২০০

### দন্ত

	মে	জুন	জুলাই	অক্টোবর
অপারেশন দন্ত	২৩	২৭	২১	১৯
মেজর	৫১	৬৫	৯৬	৫৯

### মাইনর অপারেশন

	মে	জুন	জুলাই	অক্টোবর
বহিবিভাগ	১৬০	১৬৬	১৫৮	১২৫

### চক্ষু শিবির

ঠিকানা	মাস/তারিখ	পুরুষ	মহিলা	মোট
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৭/৫/২০১৩	৬৭	৯০	১৫৭
মধুপুর, টাঙ্গাইল	১৫/৫/১৩	৯০	৫০	১৪০
রক্তনাথপুর, মুক্তাগাছা	২৫/৫/১৩	৮৫	১২২	২০৭
ময়মনসিংহ				
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৮/৬/২০১৩	১০১	১৪০	২৪১
মধুপুর, টাঙ্গাইল	১৫/৬/১৩	৯৬	১১০	২০৬
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৭/৭/২০১৩	১৩৬	৮৫	২২১
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৮/৮/২০১৩	৭২	৫৮	১৩০

## Treatment Statistics

May-August 2013

### Vaccination Programme

	May	June	July	August
Pantavalent	306	277	314	292
Polio	354	354	449	406
T.T	172	121	129	108
Measles	63	52	57	46
B.C.G	122	97	127	111
Robela	48	77	135	114
Vita- A Cap	32	28	24	38

### Patient Admitted in Hospital

	May	June	July	August
Admission	3361	3645	3424	3160

### Out Patient

	May	June	July	August
	18658	18833	20499	19877

### Patient Death in Hospital

	May	June	July	August
	67	65	61	59

### Operation Surgery

	May	June	July	August
Major	45	41	48	43
Minor	42	43	54	40

### Orthopaedics

	May	June	July	August
Major	20	31	27	24
Minor	61	75	71	35

### E.N.T.

	May	June	July	August
Major	26	20	17	18
Minor	4	6	5	38

### Gynae

	May	June	July	August
Major	39	33	38	26
Minor	30	58	50	45

### Obstetrics

	May	June	July	August
Major	105	97	115	124
Minor	107	95	117	125

### Eye Camp

	May	June	July	August
Eye Operation	256	308	214	200

### Dental

	May	June	July	August
Operation Dental	23	27	21	19
Major	51	65	96	59

### Minor Operation

	May	June	July	August
Out Patient	160	166	158	125

### Eye Camp

Address	Month/Date	Male	Female	Total
Fulbaria, Mymensingh	7/5/2013	67	90	157
Modhupur, Tangail	15/5/13	90	50	140
Roghunathpur, Muktagasa	25/5/13	85	122	207
Mymensingh				
Fulbaria, Mymensingh	8/6/2013	101	140	241
Modhupur, Tangail	15/6/13	96	110	206
Fulbaria, Mymensingh	7/7/2013	136	85	221
Fulbaria, Mymensingh	8/8/2013	72	58	130





Eminent educationist of Kumudini Ms Protiva Mutsuddy speaking as Chief Guest in a function of freshers reception at Ispahani Girls' School & College, Dhaka. Mr. Asaduzzaman Khan Kamal, MP, Dhaka-11 (on her right) and Dr. Marufi Khan (on her left) are seen in the picture.



Iftar Party at Kumudini Handicrafts centre at Narayanganj.



## নারায়ণগঞ্জে কূটনীতিকদের কুমুদিনীর স্থাপনা পরিদর্শন

## Diplomats visit Kumudini at N'ganj



Diplomats from Singapore and India with their family members visiting  
Kumudini Handicrafts centre at Narayanganj.

গত ৪ আগস্ট বাংলাদেশে নিযুক্ত সিঙ্গাপুরের রাষ্ট্রদূত মি: ডারিল লো ও পরিবারবর্গ, ভারতের ডেপুটি হাইকমিশনার শ্রী সন্দীপ চক্রবর্তী ও পরিবারবর্গ এবং রিসার্চ ফেলো শ্রী অশোকনাথ কুমুদিনীর সদর দপ্তর নারায়ণগঞ্জ সফর করেন।

তাদের আন্তরিক অভ্যর্থনা জানান কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক শ্রী রাজীব প্রসাদ সাহা, পরিচালক মিসেস শ্রীমতী সাহা এবং ট্রাস্টের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ।

সফরকারী দলের সদস্যবৃন্দ কুমুদিনী হস্তশিল্প কেন্দ্রটিসহ কমপ্লেক্সের অন্যান্য স্থাপনা পরিদর্শন করেন। অতঃপর তাঁরা কুমুদিনীর একটি জাহাজে করে প্রমোদ ভ্রমণ করেন। তাঁদের গন্তব্যস্থল ছিল শীতলক্ষ্যা, মেঘনা ও বুড়ীগঙ্গার মোহনার কাছে অবস্থিত কাঁচপুর। অতিথিবৃন্দকে জাহাজে মধ্যাহ্ন ভোজে আপ্যায়ন করা হয়। সফর শেষে ঐদিনই অপরাহ্নে তাঁরা কুমুদিনী কমপ্লেক্স ত্যাগ করেন।

Ambassador of Singapore in Bangladesh, Mr. Darrel Lo and family, Indian Deputy High Commissioner Mr. Sandip Chakravorty and family and research fellow Mr. Ashok Nath visited Kumudini Head Office at Narayanganj on 4 August, 2013.

They were welcomed by the Managing Director of KWT Mr. Rajiv Prasad Shaha, Director Mrs. Srimati Shaha and other high officials of the trust.

The delegation visited Kumudini Handicrafts Center and other establishments. Thereafter, they went on a pleasure-trip on board a river vessel of Kumudini. The vessel took them up the confluence of rivers Shitolokkhya, Meghna & Burigonga at Kanchpur. The guests were entertained with dinner in the ship. At the end of the visit, they left the Kumudini Complex on the same day evening.